

স্কুলে বই পৌঁছায়নি উদ্বিগ্ন শিক্ষার্থীরা

■ পাবনা অফিস
 পাবনার সুজানগরে অধিকাংশ স্কুলের নবম শ্রেণীর শিক্ষার্থীরা কৃষি ও সাধারণ বিজ্ঞান বই পায়নি। ফলে আসন্ন অর্ধবার্ষিক পরীক্ষা অনিচ্ছতার মধ্যে পড়েছে। এ নিয়ে উদ্বিগ্ন নবম শ্রেণীর শিক্ষার্থী ও তাদের অভিভাবক। শিক্ষা সন্ত্রগালয়ের ঘোষণা অনুযায়ী 'জানুয়ারির' প্রথম দিকেই প্রত্যেক ছাত্রছাত্রীর হাতে পাঠ্যবই পৌঁছে দেওয়া; কিন্তু দীর্ঘ ৫ মাস অতিবাহিত হলেও এখন পর্যন্ত এ উপজেলায় পাঠ্যসূচির কৃষি ও সাধারণ বিজ্ঞান বইয়ের দেখা মেলেনি। অথচ জুনের প্রথম দিকেই শুরু হতে যাচ্ছে অর্ধবার্ষিক পরীক্ষা।

সুজানগর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নজরুল ইসলাম জানান, তাদের উপজেলার জন্য ৩৭টি স্কুলের জন্য ৩ হাজার ৭০০ পাঠ্যবইয়ের চাহিদার বিপরীতে বই পেয়েছেন মাত্র ৯৩০টি। যেসব ছাত্রছাত্রী এখনও বই পায়নি, তাদের বইয়ের ব্যাপারে বলা হয়েছিল তাদের কাছ থেকে পুরনো বই সমর্পণ করে দেওয়ার জন্য। কিন্তু স্কুল কর্তৃপক্ষ তা না করে নতুন বই পাওয়ার অজুহাত দেখিয়ে সমস্যাটি সৃষ্টি করে রেখেছে।